



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সোনাগাজী সরকারী কলেজ, ফেনী।  
Website: [sonagazicollege.gov.bd](http://sonagazicollege.gov.bd)  
Email: [sonagazigovtcollege7@gmail.com](mailto:sonagazigovtcollege7@gmail.com)




তারিখ: ০৯/০৯/২১ খ্রি.

### বিজ্ঞপ্তি

সোনাগাজী সরকারী কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির অর্থাৎ ২০২১ ও ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের অবগত করা যাচ্ছে যে, সরকারের নির্দেশনা অনুযায়ী যথাযথ স্বাস্থ্যবিধি মেনে তাদের শ্রেণি কার্যক্রম আগামী ১২/০৯/২১ খ্রি. রোজ রবিবার থেকে শুরু করা হবে। এ বিষয়ে সরকারি নির্দেশনা মোতাবেক শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য একটি বিশেষ রুটিন প্রণয়ন করা হয়েছে। সে মোতাবেক দ্বাদশ শ্রেণি তথা ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম প্রতিদিন সকাল ৯.৪০ মিনিটে এবং একাদশ শ্রেণি তথা ২০২২ সালের পরীক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম প্রতিদিন ১১.২০ মিনিট থেকে শুরু করা হবে। ফলে, একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের ১১.১০ মিনিটের সময় যথাযথ স্বাস্থ্য বিধি মেনে কলেজে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। অপরদিকে শুধু মাত্র দ্বাদশ শ্রেণি তথা ২০২১ সালের পরীক্ষার্থীরা যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সকাল ৯.৪০ এর পূর্বে কলেজে প্রবেশ করবে এবং ক্লাশ শেষে ১১.১০ মিনিটের সময় কলেজ ক্যাম্পাস ত্যাগ করবে।

বিষয়টি অতীব জরুরী।

[বি.দ্র: এতদসঙ্গে ২০২১ ও ২০২২ সালের পরীক্ষার্থীদের জন্য প্রণীত বিশেষ রুটিনটি প্রকাশ করা হলো।]

  
(প্রফেসর মুহাম্মদ মহীউদ্দিন চৌধুরী-৩৩৫৩)

অধ্যক্ষ

সোনাগাজী সরকারী কলেজ

সোনাগাজী, ফেনী।

প্রফেসর মুহাম্মদ মহীউদ্দিন চৌধুরী

আই.ডি নং-৩৩৫৩

অধ্যক্ষ

সোনাগাজী সরকারী কলেজ, ফেনী।